ইত্তেফাক


তারিখ ... 19.2.83

পৃষ্ঠা ... 1 ... কলাম ... 3


018

# নয়া শিক্ষানীতি বাস্তবায়ন স্থগিত রাখার প্রশ্নে ঊর্ধ্বতন মহল একমত

। মতিউর রহমান চৌধুরী ।

প্রস্তাবিত শিক্ষানীতির বাস্তবায়ন স্থগিত রাখার ব্যাপারে উর্ধ্বতন মহল এখন প্রায় একমত। মন্ত্রীপরিষদের বৈঠকেও দীর্ঘ আলোচনার পর অধিকাংশ সদস্য অভিমত ব্যক্ত করেন যে, আপাততঃ শিক্ষানীতি বাস্তবায়নে কোন পদক্ষেপ নেওয়া ঠিক হইবে না।

১৪ই ফেব্রুয়ারী রাতে মন্ত্রীপরিষদের বৈঠকে নয়া শিক্ষানীতির প্রশ্ন লইয়া দীর্ঘ ৬ ঘণ্টাকাল আলোচনার পর্যায়ে অধিকাংশ সদস্য শিক্ষানীতি কার্যকর না করার পক্ষে যুক্তি প্রদর্শন করেন।

শিক্ষানীতি প্রশ্নে 'দেশব্যাপী প্রতিবাদের বিষয় উল্লেখ করিয়া এই সকল সদস্য অভিমত ব্যক্ত করেন যে, বর্তমান প্রশাসন অন্তর্বর্তীকালীন সরকারের দায়িত্ব পালন করিতেছে। নয়া শিক্ষানীতি রূপায়ণের দায়িত্ব ভবিষ্যতে নির্বাচিত প্রতিনিধিদের হাতেই ছাড়িয়া দেওয়া যাইতে পারে। বৈঠকে কোন সুনির্দিষ্ট সিদ্ধাহ অবশ্য হয় নাই, তবে সদস্যরা একমত হন যে, আপাততঃ শিক্ষানীতি বাস্তবায়নে কোন পদক্ষেপ গ্রহণ ঠিক হইবে না।

গতরাতে প্রধান সামরিক আইন প্রশাসক লেঃ জেনারেল এইচ, এম, এরশাদও 'জনগণের রায় ছাড়া শিক্ষা প্রশ্নে কোন চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হইবে না' বলিয়া আশ্বাস দেন।